দারিয়াপুর ইউপি একাদশকে ৫-০ গোলে হারিয়ে বাওট শাপলা ক্লাব দ্বিতীয় রাউন্ডে

মেহেরপুর প্রতিদিন ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর ৮ম দিনের খেলায় মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন একাদশকে ৫-০ গোলের বিরাট ব্যবধানে হারিয়ে গাংনী উপজেলার বাওট শাপলা ক্লাব দ্বিতীয় রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছে।

উত্তেজনাপূর্ণ খেলাটিতে প্রথম অর্ধের ১৭ মিনিটের সময় বাওট শাপলা ক্লাবের পক্ষে ১ টি গোল করে এগিয়ে নেন। এর পর দলের পক্ষে সিয়াম ১ টি, মৃদুল ১ টি ও বায়োজিত ১ এবং সবশেষে আবারো অধিনায়ক সেলিম আরেকটি গোল করে ৫ গোলের বিরাট ব্যবধানে দারিয়াপুর ইউনিয়ন একাদশকে পরাজিত করে।

খেলায় বিচারকদের দৃষ্টিতে সেরা খেলোয়াড়ের হিসেবে ম্যান অব দ্যা ম্যাচ নির্বাচিত হন বাওট শাপলা ক্লাবের রাব্বী। তাকে টুর্নামেন্টের পক্ষ থেকে টি শার্ট উপহার দেওয়া হয়। এছাড়া দুটি গোল করায় বাওট শাপলা ক্লাবের অধিনায়ক সেলিম রেজাকে লালন শাহ বালি ভান্ডারের পক্ষ থেকে টি শার্ট উপহার দেওয়া হয়।

ম্যান অব দি ম্যাচ রাব্বীর হাতে সেরা খেলোয়াড়ের পুরুস্কার তুলে দেন প্রাক্তন খেলোয়াড় আনিছুর রহমান ভল্টু।

এসময় মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সাবেক কৃতি ফুটবলার এমদাদুল হক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর ফুটবল টুর্নামেন্টের আহবায়ক কমিটির সদস্য সচিব মাহাবুব চান্দু, খেলা পরিচালনা কমিটির নির্বাহী সদস্য, হাসানুজ্জামান বাবু, শামীম জাহাঙ্গীর সেন্টু, জাহাঙ্গীর আলম, শামসুজ্জামান শামীম, মাহাবুব হাসান ডালিম ।

রেফারি হিসেবে মাঠে খেলা পরিচালনা করেন মুজিবনগরের সোহেল রানা। তাকে সহযোগীতা করেন গাংনীর আব্বাছ উদ্দীন ও মাহাবুব। চতুর্থ রেফারি হিসেবে ছিলেন টুটুল রহমান। খেলার ধারাভাষ্যে ছিলেন আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক রুহুল আমিন। উত্তেজনাপূর্ণ খেলাটি দেখতে এলাকার ফুটবল প্রেমি দর্শকরা উপস্থিত

ছিলেন।

আগামী ১৩ জুন একই মাঠে দ্বিতীয় রাউন্ডের প্রথম খেলায় রামদেবপুর ফ্রেণ্ডস ক্লাব বনাম ফার্স্ট ক্যাপিটাল অব বাংলাদেশ (এফসিবি) খেলা শুরু হবে।